কালীনাম কল্পতরু, হৃদয়ে রোপণ করেছি।
আমি দেহ বেচে ভবের হাটে,
দুর্গানাম কিনে এনেছি।।
দেহের মধ্যে সুজন যে জন,
তার ঘরেতে ঘর করেছি।
এবার শমন এলে, হৃদয় খুলে,
দেখাব ভেবে রেখেছি।।
সারাৎসার তারার নাম,
আপন শিখাতে বেঁধেছি।
রামপ্রসাদ বলে দুর্গা ব'লে
যাত্রা করে ব'সে আছি।।"

এই গানটি প্রসাদী সুরে রচিত। সাধক বলছেন "অভয় পদে প্রাণ সঁপেছি", অর্থাৎ সদগুরু যে অখণ্ড-মণ্ডলাকারকে দর্শন করিয়েছেন (তৎপদং দর্শিতং) সেই অভয় পদে তিনি সমর্পণ করেছেন, তাই মৃত্যুভয় আর নেই। প্রাণশক্তিরূপা কালীনাম তিনি হৃদয়ে রোপণ করেছেন। এখন কালী নামের অর্থ কি? মহানির্বাণ তন্ত্রোক্ত কালিকা স্তোত্রে বলা হচ্ছে – “কলনাৎ সর্বভূতানাং মহাকালঃ প্রকীর্তিতঃ। মহাকালস্য কলনাৎ হৃমাদ্যা কালিকা পরা॥” কাল – কল্ = গমন করা অর্থাৎ প্রাণ, এবং ঙ্গ (স্ত্রীলিঙ্গ বাচক ঙ্গপ্) = শক্তি। যিনি সর্বভূতকে কলন বা গ্রাস করেন তিনিই মহাকাল (প্রাণ)। এই মহাকালকেও যিনি গ্রাস করতে পারেন তিনিই কালিকা। এই প্রক্রিয়াতেই সৃষ্টি হয় যখন স্থির প্রাণ চঞ্চল প্রাণে রূপান্তরিত হয়ে। তাই সৃষ্টির সমস্ত বস্তুতেই জড় ও চৈতন্য দুটোই অবস্থান করে।

এরপর সাধক বলছেন তাঁর দেহ তিনি ভবের হাটে বেচে অর্থাৎ সদগুরুর কাছে আত্মসমর্পণ করে দুর্গানাম কিনে নিয়ে এসেছেন। কালী, তারা, ও দুর্গা প্রাণশক্তিরই নামান্তর, তার কারণ, ‘তারণ করেন যিনি’ তিনিই ‘তারিনী তারা’ অর্থাৎ প্রাণ, আবার দেহরূপ দুর্গাকে যিনি রক্ষা করেন তিনিই (প্রাণশক্তিরূপা) দুর্গা।

দেহের মধ্যে সুজন যে জন’, তার ঘর বা নিবাসস্থান কুটস্থে। সেখানেই সাধক নিজেকে পাকাপাকি ভাবে রেখেছেন। যোগীমাত্রেরই গুরু-উপদেশে জানেন প্রকৃত "হৃদয়ের" অর্থ কুটস্থের গগন গুহা, যা সকল যোগীদের একমাত্র আশ্রয়। সুতরাং সেখানেই সাধক নিজের ঘর করেছেন। পরে বলা হচ্ছে, প্রাণশক্তিরূপা তারিনী তারাকে/ দুর্গাকে (প্রাণায়াম অভ্যাসের দ্বারা যাত্রা করে) শিখাতে স্থান দিয়েছেন, অর্থাৎ দেহে প্রাণের উর্ধ্বগতি সাধন করেছেন।

কিন্তু সাধনার সময়কালীন সাধক রামপ্রসাদ অন্যত্র বলছেন চঞ্চলা প্রাণশক্তিকে স্থিরপ্রাণে রূপান্তরিত করার সংগ্রামের কথা। যেমন বলছেন –

“এবার কালী তোমায় খাব ।
(খাব খাব গো দীনদয়াময়ী)
তারা গণ্ডযোগে জন্ম আমার ॥
গণ্ডযোগে জন্ম হলে
সে হয় যে মা-খেকো ছেলে ।
এবার তুমি খাও কী আমি খাই মা,
দুটার একটা করে যাব ॥”

এই গানটিতে যেমন একদিকে মায়ের সঙ্গে অভিমানের পালা চলছে, আবার অপরদিকে চঞ্চলাপ্রাণশক্তিকে স্থিরপ্রাণে অর্থাৎ শিবচ্ছে বিলীন করার প্রয়াস (খাওয়ার প্রকৃত অর্থ) লক্ষ করা যাচ্ছে। একই গানে তার সংকেত দিয়ে বলছেন-

"খাব খাব বলি মাগো উদরস্থ না করিব ।
এই হৃদিপদ্মে বসাইয়ে, মনোমানসে পূজিব ॥
যদি বল কালী খেলে, কালের হাতে ঠেকা যাব ।
(আমার) ভয় কী তাতে কালী বলে
কালেরে কলা দেখাব ॥
কালীর বেটা শ্রীরামপ্রসাদ,
ভালোমতে তাই জানাব ।
তাতে মন্ত্রের সাধন শরীর পতন,
যা হবার তাই ঘটাইব ॥”

এর অর্থ সাধক প্রাণের সাধনা করতে করতে শরীর ত্যাগ হলেও তার ভয়ে বিচলিত না হয়ে প্রকৃত "বীরভাবে" সাধনা করে যাবেন। সাধন সময়ের এই ভাব গীতা বা সপ্তশতী চণ্ডীর সাথে সাদৃশ্যপূর্ণ। অন্য একটি গানে এই সময় বা যুদ্ধ সম্বন্ধে বলছেন –

“আর তোরে না ডাকব কালী।
তুই মেয়ে হয়ে অসি ধরে
লেংটা হয়ে রণ করিলি!”
সাধন সময় প্রসঙ্গে রামপ্রসাদের ইঙ্গিত অন্যত্র আরও স্পষ্ট -
"ভূতের বেগার, খাটবো কত। তারা বলো আমায় খাটাবি কত ॥
আমি ভাবি এক হয় আর, সুখ নাই মা কদাচিত ॥
পঞ্চ দিকে নিয়ে বেড়ায়, এ দেহের পঞ্চভূত ।
ও মা, ষড়রিপু সাহায্য তায়, হল ভূতের অনুগত ॥”

প্রসাদী সুরে রচিত অপর একটি গানে সাধনার একটি বিশেষ অবস্থার কথা লক্ষ্য করা যায়। সাধক রামপ্রসাদ বলছেন –

“মায়ের চরণতলে স্থান লব।
আমি অসময়ে কোথা যাব।।
ঘরে জায়গা না হয় যদি ক্ষতি কি গো বাইরে রব।
মায়ের নাম ভরসা ক’রে উপবাসী হয়ে পড়ে রব।।
প্রসাদ বলে উমা আমায়, বিদায় দিলেও নাইকো যাব।
আমার দুই বাহু প্রসারিয়ে চরণতলে প’ড়ে প্রাণ ত্যাজিব।।”

এখানে বলছেন মায়ের চরণতলে (কূটস্থে – ঈড়া পিঙ্গলার মিলন স্থানে) স্থান নেব। যদি কূটস্থ ভেদ করে অভ্যন্তরে জায়গা না পাই, তবে বাইরেই অপেক্ষা করব। ‘মায়ের নাম ভরসা ক’রে’ অর্থাৎ প্রাণের ক্রিয়ার দ্বারা ‘উপবাসী’ (কূটস্থ সমীপে বাস করে) পড়ে থাকব। আমার এই অবস্থায় মৃত্যু হলেও ‘চরণতলে পড়ে’ অর্থাৎ কূটস্থে থেকে প্রাণ ত্যাগ করব। সাধনার অন্য অবস্থায় বলছেন –

“আমি তাই কালোরূপ ভালোবাসি
কালোর গুণ ভালো জানে, শুক শম্বু দেবঋষি।
যিনি দেবের দেব মহাদেব, কালোরূপ তাঁর হৃদয়বাসি।।” এই গানের শেষে রামপ্রসাদ বলছেন –

“যতগুলি সঙ্গী মায়ের, তারা সকল এক বয়সী।
ঐ যে তার মধ্যে কোলে মা মোর বিরাজে পূর্ণিমার শশী।।
প্রসাদ ভণে, অভেদ-জ্ঞানে, কালো রূপে মেশামেশি।
পরে একে পাঁচ, পাঁচেই এক, মন ক’রো নাকো দ্বেষাদ্বেষী।।”

সাধন বিষয়ে যে বিভিন্ন কথা খুবই কৌশলের সাথে সাধকশ্রেষ্ঠ রামপ্রসাদ লিখে গেছেন, তা সত্যই পরবর্তী যুগের সাধকদের কাছে অমূল্য উপদেশ স্বরূপ। মাতৃপূজার ধারা, যার সূত্রপাত হয়েছিল সিন্ধু সভ্যতা বা তারও পূর্ববর্তী সময়ে, তার বর্তমান রূপ অনেক বিবর্তনের পর এবং রামপ্রসাদের মত মাতৃসাধকদের হাত ধরে আজও বহমান মানব মনকে সৃষ্টির উৎসমুখে নিয়ে যাওয়ার লক্ষ্যে।

তথ্যসূত্র-

- ১) জগৎ ও আমি, পঞ্চানন ভট্টাচার্য (গিরিজা লাইব্রেরী)।
- ২) রামপ্রসাদী সঙ্গীত, নির্মল বুক এজেন্সী।



"মাতৃরূপেণ সংস্থিতা" -চৈতালী চক্রবর্তী

গুরুদেব ও গুরুমায়ের আশীর্বাদ নিয়ে ক্রিয়াযোগের দৃষ্টিতে দেবী দুর্গার বর্ণনা করার ক্ষুদ্র প্রয়াস করছি।

আমরা বাঙালিরা মা দুর্গাকে যেভাবে দেখে অভ্যস্ত তা হল মায়ের দশ হাত, সিংহবাহিনী, মহিষাসুর বধে উদ্ধত। মায়ের বাম দিকে লক্ষ্মী ও গণেশ ডান দিকে সরস্বতী ও কার্তিক। তবে সব জায়গাতেই মা এই রূপে পূজিতা নন। কোথাও অষ্টভুজা, বাঘের পিঠে আসীন যুদ্ধং দেহি রূপে পূজিতা, আবার কোথাও অস্ত্রশস্ত্র সমন্বিতা হলেও দেবী অনেক শান্ত প্রসন্ন বদনে আসীন। আবার কোথাও বা চারি হাতে পূজিতা। বিশেষ করে হস্তের বিন্যাসের ও সংখ্যায় প্রতিমা নির্মাণের মধ্যে আমরা মায়ের নামের বৈশিষ্ট্য লক্ষ্য করে থাকি।

এছাড়া আমরা শ্রী শ্রী চন্দীর প্রাধানিক রহস্যে কর্মের অনুসারেও মায়ের দশটি নামের উল্লেখ পাই-যেমন মহামায়া, মহাকালী, মহামারী, ক্ষুধা, তৃষা, নিদ্রা, তৃষণা, কালরাত্রি ইত্যাদি শ্রী চন্দী তে মা পরমাপ্রকৃতির অঙ্গ, রূপ ও হস্ত বর্ণনায় বৈচিত্র্য লক্ষ্য করা যায়। শাকম্বরী, শতাক্ষী, মহালক্ষ্মী, মহাসরস্বতী, মহাবিদ্যা, মহাবানী, ভারতী, সুরেশ্বরী প্রভৃতি বহু নামের উল্লেখ আছে আবার ইনি দুর্গা নামে পূজিতা। তিনি উমা, হৈমবতী, গৌরী, সতী, চন্দী, কালিকা, পার্বতী নামেও উল্লেখিতা সুতরাং দেবী দুর্গার বিভিন্ন পুরাণে বিভিন্ন নামের উল্লেখ রয়েছে। শারদীয়া নবরাত্রিতে ও চৈত্র নবরাত্রি পূজাতেও মায়ের নয় দিন নয়টি নামের পূজা হয়ে থাকে। শ্রী শ্রী চন্দী তে দেবী মহামায়ার এই নয়টি নামের উল্লেখ আছে এই নামগুলির স্রষ্টা চতুর্ভুজ ব্রহ্মা। শ্রী শ্রী চন্দীতে নয় দিনের পূজার দেবীর নয়টি নামের উল্লেখ আছে----

প্রথমং শৈলপুত্রীতি দ্বিতীয়ং ব্রহ্মচারিণী।
তৃতীয়ং চণ্ডঘণ্টেতি কুশ্মাণ্ডেতি চতুর্থকম্মা।
পঞ্চমং স্কন্দমাত্রেতি ষষ্ঠং কাত্যায়নী তথা।
সপ্তমং কালরাত্রীতি মহাগৌরীতি চাষ্টমম্।
নবমং সিদ্ধিদাত্রী চ নবদুর্গাঃ প্রকীর্তিতাঃ।
উক্তান্যেতানি নামানি ব্রহ্মণৈব মহাত্মনা।।

এছাড়াও দেবী দুর্গার আরো অনেক বিভিন্ন রূপের ভিত্তিতে নামের নানা বৈচিত্র্যপূর্ণ বর্ণনা আছে। এই বিভিন্ন রূপের ভিন্ন ভিন্ন ধ্যানের ও আরাধনার উল্লেখ আমরা পাই। এক একটি রূপের এক এক রকম অবস্থানের বর্ণনা আমরা পেয়ে থাকি দেবীর ধ্যান মন্ত্রের মাধ্যমে। দেবীর ৯ টি নামের যে ধ্যান মন্ত্র আমরা শ্রী শ্রী চন্দী তে পেয়ে থাকি তাতেই আমরা সেই রূপের বর্ণনা ও অবস্থান সম্পর্কেও আভাস পাই।

মা দুর্গার বিভিন্ন রূপের অবস্থানের বর্ণনার এবং মাহাত্ম্যের আমরা ভিন্ন ভিন্ন পৌরাণিক গল্প শ্রী শ্রী চণ্ডিতে বা বিভিন্ন পৌরাণিক আখ্যানে পেয়ে থাকি। কিন্তু এখানে মানবদেহে মা এর অবস্থান আর তাঁর মাহাত্ম্য সম্পর্কে ক্রিয়ার দৃষ্টিভঙ্গিতে আলোকপাত করার চেষ্টা করা হলো।

মা শৈলপুত্রীর ধ্যান মন্ত্র

বন্দে বাঙ্কিতলাভায় চন্দ্রার্ধকৃতশেখরাম্।
বৃষারুঢাং শূলধরাং শৈলপুত্রীং যশস্বিনীম্॥
পূর্ণেন্দুনিভাসৌরীং মূলাধারস্থিতাং প্রথমদুর্গাং ত্রিনেত্রাম্।

মানবদেহে, মা শৈলপুত্রীর অবস্থান গুহ্য এর ঠিক উপরে চারি পত্র বিশিষ্ট পদ্ম মূলাধার চক্রে বা মূল চক্রে, যা পৃথিবী মাতার সাথে যুক্ত। আমাদের ক্রিয়া যোগ এর সাধনা এই চক্রের থেকেই আরম্ভ হয়ে থাকে। নবরাত্রি পূজোর প্রথম দিন দেবী শৈলপুত্রীর উপাসনার মাধ্যমে মূলাধার চক্রে কুন্দলিনী শক্তির (অর্ধ প্রস্ফুটিত পদ্ম) জাগ্রত হওয়ার পরে, প্রাণশক্তি উপরের দিকে যাত্রা শুরু করে। প্রতীকীভাবে শৈলপুত্রী দেবী নন্দীর উপর বসে শিবের প্রতি সম্পূর্ণ মনোযোগ দিয়ে তাঁর শক্তিকে মূলাধার চক্র থেকে আঞ্জা চক্র (তৃতীয় নয়ন) যেখানে ভগবান শিব বাস করেন সেখানে নিয়ে যান। এটি সাধনার প্রথম পদক্ষেপ, শক্তির জাগরণ, ভগবান শিবের অনুসন্ধান করার জন্য আমাদের অনুপ্রেরণা দিচ্ছে। নবরাত্রির প্রথম দিনটি খুবই শুভ কারণ এটি নয় দিনের সাধনার শুরু। মূলাধার চক্রের উপর মনোযোগ কেন্দ্রীভূত করে এবং শৈলপুত্রী দেবীর কাছে প্রার্থনা করে, আমাদের শরীর মায়ের শক্তির সাথে অনুরণিত হয়। এটি নবরাত্রির সাধনার ভিত্তি স্থাপন করে এবং এটি আধ্যাত্মিক অনুশাসনের সূচনার কেন্দ্র।

মা ব্রহ্মচারীণীর ধ্যান মন্ত্র

বন্দে বাঙ্কিতলাভায় চন্দ্রার্ধকৃতশেখরাম্।
জপমালাকমন্ডলুধরাং ব্রহ্মচারিণীং শুভাম্।।
গৌরবর্ণাং স্বাধিষ্ঠানস্থিতাং দ্বিতীয়দুর্গাং ত্রিনেত্রাম্।

মা দুর্গার নটি স্বরূপের মধ্যে অন্যতম ও দ্বিতীয় স্বরূপ হলো মা ব্রহ্মচারিণী দেবী। তাঁর অবস্থান আমাদের দেহের লিঙ্গমূলে পীতাভ ষট্ দল যুক্ত অর্থাৎ ছটি পত্র বিশিষ্ট স্বাধিষ্ঠান চক্রে।

ব্রহ্মচারিণী দেবীর অনুপ্রেরণা হল আমাদের পরবর্তী পদক্ষেপের ভিত্তি স্থাপন করা, সাধনা শেখানো এবং পবিত্র ধর্মগ্রন্থ অধ্যয়নে যেমন ব্রহ্মচারিণী দেবী সাধনায় সাহায্য করে থাকেন। তেমনই দেবী তাঁর আশীর্বাদে আমাদের তপস্যা করার ক্ষমতা দান করেন। আমাদের মধ্যে স্থিরতা আনেন এবং আমাদের জাগতিক বিষয়গুলি থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে সাহায্য করেন। যদি দেবী সন্তুষ্ট হন, তবে তিনি ব্রহ্ম জ্ঞান দান করবেন সাধনা ও অনুশীলনের মাধ্যমে। ব্রহ্মচারিণী দেবী শক্তিকে স্বাধিষ্ঠান চক্র থেকে ওপরের চক্রে এগিয়ে যেতে সাহায্য করেন, আর সাধককে তপ, ত্যাগ, বৈরাগ্য, সংযম, সুস্থতা, প্রাচুর্য এবং আনন্দের অনুভূতি প্রদান করেন।

মা চন্দ্রঘণ্টার ধ্যান মন্ত্র

বন্দে বাঙ্কিতলাভায় চন্দ্রার্ধকৃতশেখরাম্।
সিংহারুতাং দশভুজাচন্দ্রংঘণ্টাং যশস্বনীম্॥
কঞ্চনাভাং মণিপুরস্থিতাং তৃতীয়দুর্গাং ত্রিনেত্রাম্।

চন্দ্রঘণ্টা দেবী অবস্থান করেন তৃতীয় চক্রে, ঠিক নাভিদেশে, দশদল বিশিষ্ট পরমাদ্রুত তৃতীয় মণিপুর চক্রে। তৃতীয় চক্রে অগ্নি শক্তি রয়েছে (digestion), তাই তার স্বভাব অনুসারে তিনি সঠিক পরিস্থিতিতে প্রতিক্রিয়াশীল হয়ে যান। তিনি প্রাণের একটি শক্তি কেন্দ্র, প্রয়োজনে তিনি পরমব্রহ্ম থেকে প্রাণশক্তিকে আকর্ষণ করেন। তার মন্ত্র জপ করা এবং মণিপুর চক্রে ধ্যান করা, মনের স্বচ্ছতা, আত্মবিশ্বাস, ক্ষমতায়ন, বৈষম্য এবং প্রজ্ঞা আনতে সাহায্য করে। নবরাত্রির তৃতীয় দিন সাবার জন্য গুরুত্বপূর্ণ, কারণ এই দিনে আমরা আধ্যাত্মিক লক্ষ্যকে দৃঢ় করতে পারি এবং চিত্তচাক্ষুণ্য থেকে মা আমাদের মনঃসংযোগ করতে সাহায্য করেন।

মা কুম্ভান্ডার ধ্যান মন্ত্র

বন্দে বাঙ্কিতকামর্থং চন্দ্রার্ধকৃতশেখরাম্।
সিংহারুতামষ্টভুজাং কুম্ভাণ্ডাং চ যশস্বিনীম্॥
ভাস্বরাং ভানুনিভামনাতস্থিতাং চতুর্থদুর্গাং ত্রিনেত্রাম্।

দেবী কুম্ভাণ্ডা আমাদের চতুর্থ চক্রকে মানে অনাহত চক্রকে জাগ্রত করেন। যাঁর অবস্থান আমাদের হৃদয়ে, চতুর্থ পাপড়ি বিশিষ্ট হৃদয়কমলে ইষ্টদেবের আসন স্বরূপ অনাহত চক্রে। আধ্যাত্মিক প্রত্যাশীদের জন্য, তিনি শুদ্ধিকরণের দেবী। আমরা যে সমস্ত কর্ম করি তা শুদ্ধ করার জন্য তাপ এবং আলো প্রদান করেন দেবী কুম্ভাণ্ডা। পরিশেষে, তাঁর শুদ্ধ করণার সাথে সাধকের সমস্ত কর্ম সাধনায় পরিণত হয়, এবং আধ্যাত্মিক জীবন এবং পার্থিব জীবনের মধ্যে কোন বিচ্ছেদ থাকে না। সবই "এক" হয়ে যায় এবং আমরা সর্বোচ্চ প্রদীপ্তি, তৃপ্তি এবং শান্তি উপভোগ করি যেখানে বিবাদের জন্য কোন জায়গা নেই। এমনই এই পূজ্য দেবীর কৃপা।

মা স্কন্দমাতার ধ্যান মন্ত্র

বন্দে বাঞ্জিতকামার্থে চন্দ্রার্ধকৃতশেখরাম্।
সিংহারুচা চতুর্ভুজা স্কন্দ মাতা যশস্বনীম্॥
ধবলবর্ণা বিশুদ্ধচক্রস্থিতাং পঞ্চমদুর্গাং ত্রিনেত্রাম্।

দেবী স্কন্দমাতার অবস্থান আমাদের দেহের পঞ্চম চক্র অর্থাৎ কণ্ঠদেশে ষোড়শ(ষোলোটি) পত্র যুক্ত পদ্ম বিশুদ্ধ নামক চক্রে। স্কন্দমাতা দেবীকে কোমল, মমতাময়ী মা হিসাবে চিত্রিত করা হয়েছে, যিনি অনুপ্রাণিত করেন, লালন-পালন করেন, শিক্ষা দেন এবং এমনভাবে সৃজন করেন যাতে আমাদের সমস্ত কাজ পবিত্র হয়ে ওঠে। আমাদের বিশুদ্ধ চক্রের রাস্তা খুব সরু আর আমরা যত বেশি মিথ্যে কথা এবং কুকথা বলবো তত বেশি আমাদের চক্র বন্ধ হয়ে থাকবে। মাতৃ রূপে দেবী স্কন্দমাতা আমাদের সত্য কথা বলতে এবং মায়াজাল থেকে দূরে থাকতে সাহায্য করেন, যাতে আমার আঞ্জা চক্রে যাওয়ার জন্য যোগ্য হতে পারি।

মা কাত্যায়নীর ধ্যান মন্ত্র

বন্দে বাঞ্জিতমনোরথার্থায় চন্দ্রার্ধকৃতশেখরাম্।
সিংহারুচাং চতুর্ভুজাং কাত্যায়নীং যশস্বনীম্।
স্বর্ণবর্ণামাজ্জাচক্রস্থিতাং ষষ্ঠদুর্গাং ত্রিনেত্রাম্।

কাত্যায়নী ষষ্ঠ চক্র, আঞ্জা চক্র (তৃতীয় চক্ষু), ঋদ্ধয়ের মাঝখানে দুটি পত্র বিশিষ্ট কমলে বসবাস করেন। তাঁর আশীর্বাদ মনোযোগ এবং বুদ্ধি নিয়ে আসে। তৃতীয় চোখ দিয়ে দেখা আমাদের শুদ্ধ ভাবনা, আধ্যাত্মিক চিন্তা, আত্ম প্রতিফলন, অভ্যন্তরীণ নির্দেশিকা এবং গভীর সত্য অনুভব করতে সাহায্য করে।

ভাগবত পুরানে আছে যে, গোকুলের গোপিনীরা কৃষ্ণকে নিজের স্বামীরূপে পাবার কামনা করে সমগ্র মাঘ মাস জুড়ে দেবী কাত্যায়নীর ব্রত ও উপাসনা করতেন। এই একমাস তারা কেবলমাত্র মশলাবিহীন খিচুড়ি খেতেন এবং ভোরবেলা যমুনাতে স্নান করে যমুনার তীরে মাটির কাত্যায়নীর প্রতিমা গড়ে ধূপ, দীপ, ফুল, নৈবেদ্য, নবপত্র, পান, চন্দন দিয়ে দেবীর পূজা করতেন। একদিন গোপিনীরা যখন পূজোর আগে যমুনাতে স্নান করছিলেন, তখন শ্রীকৃষ্ণ ক্রীড়াচ্ছলে তাদের ঘাটে ফেলে রাখা সমস্ত পোশাক চুরি করে কাছের ই একটি কদম্ব গাছের ডালে রেখে দেন। শ্রীকৃষ্ণের এই কাজকে জাগতিক ব্যাপার হিসেবে গণ্য করা ভুল হবে, এই কর্মের দ্বারা একজন ভক্তের সমস্ত বস্তুবাদী সংযুক্ততাকে (পোশাকের দ্বারা প্রতীকি) ত্যাগ করার গুরুত্বকে বোঝায় যাতে নিজেকে সম্পূর্ণরূপে ঈশ্বরের কাছে সমর্পণ করা যায়। আমাদের আঞ্জাচক্রে (কুঠস্থে) শ্রীকৃষ্ণের বাস, আবার কাত্যায়নীদেবী যোগমায়া নামে শ্রীকৃষ্ণের অভ্যন্তরীণ শক্তিরূপে বাস করেন। শ্রীকৃষ্ণের মায়ামুক্তির রূপ যোগমায়া চৈতন্যকে পাবার জন্যই আমরা দেবী কাত্যায়নীর উপাসনা করে থাকি।

যে সাধকেরা মা কাত্যায়নীর উপাসনা করেন তাঁরা শিশুর মত সরলতা, শুদ্ধ ভক্তি এবং পরিপূর্ণ আদর্শ, অর্থ, কাম এবং মোক্ষ দিয়ে তাঁর আশীর্বাদপ্রাপ্ত হন।

মা কালরাত্রির ধ্যান মন্ত্র

করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাম্।
কালরাত্রিং করালীং চ বিদ্যুতমালা বিভূষিতাম্॥
দিব্য লৌহবজ্র খড়্গা বামাধোকরাশ্চুজাম্।

দেবী কালরাত্রি আমাদের দেহের সপ্তম স্থানে, দ্বার ঠিক ওপরে তালুমধ্যে চতুষষ্টি দলযুক্ত অর্থাৎ চৌষষ্টি পাপড়িযুক্ত পদ্মে অবস্থান করেন, যাকে মধ্য চক্র বলা হয়ে থাকে। তন্ত্র মতে এই চক্রকে ললনাচক্রও বলা হয়। যার ফলে দেবীকে আহ্বানকারী সিদ্ধি প্রাপ্ত হন। তাঁর মন্ত্র জপ করলে এবং প্রার্থনা করলে আমাদের মনের অন্ধকার দূর করা যায়, আসক্তি ত্যাগ করা যায়। এই কালরাত্রি আসলে তমসাঘন রাত্রি নয় চৈতন্যরূপা রাত্রি, সাধকের মনের আলোর পথের সব দরজা জানলা উন্মুক্ত করে মা এখানে দীপ্তিময় ঐশ্বরিক আলোর পথের সন্ধান দেন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের গানেও আমাদের সেই বার্তাই তিনি দিয়ে গেছেন,

" অন্ধকারের উৎস হতে উৎসারিত আলো,
সেই তো তোমার আলো,
সকল দ্বন্দ্ব - বিরোধ মাঝে জাগ্রত যে ভালো,
সেই তো তোমার ভালো"।

কালরাত্রি দুর্গার এক উগ্র রূপ, যিনি আমাদের অহংবোধকে ত্যাগের আশুনে পুড়িয়ে পবিত্র ও নির্মল করেন। তিনি সময় বা কালকে বন্ধন মুক্ত করার প্রতিনিধিত্ব করেন। ঘড়ির কাঁটার সময় যা আমাদের এগিয়ে নিয়ে যায় মৃত্যুর দিকে (তাই এর অর্থ মৃত্যুও)। এটি একটি এমন শক্তি যা সম্পূর্ণ রূপে মানুষের অহঙ্কার চূর্ণ করে মানুষকে আমি বোধ থেকে মুক্ত করে। কালরাত্রিকে অন্ধকার-রাত্রি দেবী, বা মৃত্যু-রাত্রি দেবী হিসাবে বর্ণনা করা যেতে পারে। মৃত্যুও ঘুমের মতই, আপনি আপনার শরীর ছেড়ে অন্ধকার রাজ্যে প্রবেশ করেন যেখানে আপনার শরীর নেই কিন্তু আপনার মধ্যে এমন চিন্তাভাবনার উদ্ভাবন ঘটে যা আপনাকে নবরূপে প্রতিস্থাপন করতে সাহায্য করে।

মা মহাগৌরীর ধ্যান মন্ত্র

বন্দে বাঙ্কিতকামার্থং চন্দ্রার্ধকৃতশেখরাম্।
সিংহারুচাং চতুর্ভুজাং মহাগৌরীং যশস্বিনীম্।।
পুর্ণেন্দুনিভাং গৌরীং সোমবক্রস্থিতাতাং অষ্টমদুর্গাং ত্রিনেত্রাম্।

মহাগৌরী দেবী যিনি আমাদের দেহের অষ্টম চক্রের মানে ব্রহ্মরঞ্জের নিম্নেই শতপত্র বিশিষ্ট কমলের উপর আসীন। একে মনশ্চক্র ও বলা হয়ে থাকে। ব্রহ্মরঞ্জ হল মানবদেহের সবচেয়ে গুরুত্বপূর্ণ সুসুম্না নাড়ির লক্ষ্য চক্র। এটি সেই নাড়ি যা কুন্ডলিনী শক্তি (যা একটি সাপের প্রতীক) আরোহণ করে শক্তির জাগরণ ঘটায় এবং আমাদের পূর্ণ মানবিক সম্ভাবনার উপলব্ধি ঘটায়। তাই শৈলপুত্রী এবং মহাগৌরী (এবং এর মধ্যবর্তী সমস্ত দেবীরা) সুসুম্না নাড়ির মাধ্যমে মানবদেহের সাথে সংযুক্ত। এই দেবী সেই দেবী দুর্গার ই ভিন্ন অভিব্যক্তি মাত্র। যে ভগবান শিবের অনুসন্ধানের জন্য আমরা মূলাধার চক্রে দেবী শৈলপুত্রীর ধ্যানের এবং অর্চনার মাধ্যমে শক্তির জাগরণ ঘটিয়ে যাত্রা শুরু করেছিলাম তা এই স্থানে এসে পরিপূর্ণতা পায়। আর আমাদের আধ্যাত্মিক যাত্রার জন্য আমরা পরিপক্বতা অর্জন করি এবং প্রস্তুত হই, তখন আমাদের স্বার্থপরতা ও অহংকার ধ্বংস হয় (কালরাত্রি দেবী) এবং প্রতিস্থাপিত হয় দীপ্তিময় ঐশ্বরিক আলো (মহাগৌরী দেবী)।

মা সিদ্ধিদাত্রীর ধ্যান মন্ত্র

বন্দে বাঙ্কিতমনোরথার্থং চন্দ্রার্ধকৃতশেখরাম্।
কমলস্থিতাং চতুর্ভুজাং সিদ্ধিদাং যশস্বিনীম্।।
স্বর্ণবর্ণনির্বাণচক্রস্থিতাং নবমদুর্গাং ত্রিনেত্রাম্।

আমাদের সাধনার যাত্রায়, আমরা দেবী সিদ্ধিদাত্রীর নবম এবং চূড়ান্ত রূপের কাছে পৌঁছেছি, যা আমাদের নবম চক্র, এই চক্র সকল চক্রের মধ্যে তৎপরতায় মহাশূন্যময় অনির্বচনীয় বস্তু, তারই মধ্যে পরমাদ্বিত চক্রাতিত চক্র সহস্রদলপদ্ম বিরাজিত রয়েছেন। দেবীর এই রূপ কে নারায়নীও বলা হয়ে থাকে। সিদ্ধিদাত্রীর উপাসনা করলে সাধকেরা অষ্টসিদ্ধি লাভ করে থাকেন। এই অষ্টসিদ্ধি হল - অনিমা, লঘিমা, প্রাপ্তি, গরিমা, ঈশিতা, প্রাকাম্য, বশিতা ও মহিমা। এই অষ্টসিদ্ধিকে ব্রহ্মবিদ্যা বলা হয়ে থাকে। দেবীপুরাণ অনুসারে, ভগবান শিব সিদ্ধিদাত্রী দেবীর কৃপাতেই সকল সিদ্ধিপ্রাপ্ত হয়েছিলেন এবং তার অর্ধেক শরীর দেবীর হয়েছিল, তাই তাঁকে অর্ধনারীশ্বর বলা হয়ে থাকে। এখানেই মা মহাশূন্যে সাধকের সাধনার পরিপূর্ণতা প্রদান করেন।

প্রথমে আমরা অনুপ্রাণিত হয়েছিলাম (শৈলপুত্রী দেবী) তপ, যোগ, এবং পাপক্ষয় করে ব্রহ্ম জ্ঞান অর্জনের লক্ষ্যে কঠোর সাধনা শিখতে (ব্রহ্মচারিণী দেবী) এবং সাধনা অনুশীলন করতে (চন্দ্রঘন্টা দেবী) নিজেকে শুদ্ধ করার প্রয়াসে যাতে আমাদের সমস্ত কর্ম তপস্যা (কুম্বাণ্ডা দেবী) হয়ে যায়। তপস্যা করার পরে, আমাদের পবিত্রতা (স্কন্দমাতা দেবী) লালন করার জন্য আমাদের সহায়তা করেন, যাতে আমরা আমাদের প্রকৃত প্রকৃতির (কাত্যায়নী দেবী) বিশুদ্ধতা অনুভব করতে সক্ষম হই। তারপর, আমাদের আধ্যাত্মিক যাত্রায় সঠিক সময়ে, যখন আমরা পরিপক্ব এবং প্রস্তুত হই, তখন আমাদের স্বার্থপরতা, অহংকার ধ্বংস হয় (কালরাত্রি দেবী) এবং প্রতিস্থাপিত হয় দীপ্তিময় ঐশ্বরিক আলো (মহাগৌরী দেবী)। অবশেষে, যখন আমাদের মন সম্পূর্ণ পরিণত হয়, এবং আমরা অতিরিক্ত দায়িত্ব কাঁধে নিতে প্রস্তুত হই, তখন আমরা নিজেদের পরিপূর্ণতা অনুভব করি, এবং মোক্ষ প্রাপ্তি হয়ে (সিদ্ধিদাত্রী দেবী) আনন্দলোকে যাত্রা শুরু করি।

কোনও এক কবির লেখাতে পড়েছিলাম যে সন্তান তার গর্ভধারীনি মাকে প্রশ্ন করছে, "মা আমি কোথা থেকে এসেছি" মা তখন উত্তরে বলছেন,

পুরানো এই মোদের ঘরে,
গৃহদেবীর কোলের পরে,
কতকাল যে লুকিয়ে ছিলি কে জানে?
ছিলি পূজার সিংহাসনে"

এমন করেই মা তাঁর সন্তান কে সান্তনা দেন। মা পার্বতী ও পিতা মহেশ্বর কে আমরা এমন নিজের করেই জেনেছি। নিজেদের মধ্যেই তাদের কে অনুভব করেছি সব সময়। এই যে গৃহ দেবতা বলছি, মা বলছি, বাবা বলছি, সে আমাদের দেহের ই অংশ। কোথায় যেন এক হয়ে মিশে গেছে আমাদেরই মধ্যে। আমরা যেন সেই ভাবেই মা এর কাছে আত্মনিবেদন করতে পারি, শরণাগত হই, যে মা আমাদের রক্ষা করুন সে মা মহিষাসুরমর্দিনী ই হন বা দেবী দুর্গাই হোন বা তিনি পরমাপ্রকৃতি মহামায়া আমাদের জগৎ জননী মা ই হোন। তিনি আমাদের মা আর মা আমাদের সাধনার পথে এগিয়ে যেতে সাহায্য করবেন এই বিশ্বাসটুকু নিয়ে যেন আমরা থাকতে পারি।



"শিবগীতা"

-সোমনাথ সরকার (দেবউপাখ্যানবিদ)

“ধর্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াম্,
গুহায়াং নিহিতং ব্রহ্ম শাস্ত্রতম।” – মহাভারত / জয় সংহিতা

ভরতবর্ষ (ধর্মক্ষেত্র) আধ্যাত্মিকতার পীঠস্থান। প্রত্যক্ষবান বুদ্ধমণ্ডলী এক ও অখণ্ড চৈতন্যকেই বিভিন্নরূপে ও নামে অভিহিত করেছেন। হিন্দুস্থান চিরকাল ধর্মসাক্ষাৎকার করতেই নিজশক্তি প্রয়োগ করেছে। চতুর্বর্গের (ধর্ম, অর্থ, কাম, মোক্ষ) প্রথম ধর্ম আমাদের জীবনধারার অবিচ্ছেদ্য অঙ্গ।

পৃথিবীর প্রাচীনতম ধর্মধারাকে/ চিরন্তনপন্থা (eternal order) ‘ভারত ধর্ম’ বলে। একমাত্র অনাদিগুরু শিব শক্তিতত্ত্বের বিজ্ঞাতা হয়ে ধারাবাহিক গুরুকুলের প্রবর্তন করেন (পিতৃ, মাতৃ, স্বশ্রু), যা আজও গুরু-শিষ্য পরম্পরাতে প্রবহমান। যোগীগণের ‘বিদ্যাবংশ’ ও ‘যোনিবংশ’ উভয়ই স্বীকৃত। এক্ষেত্রে বংশ-পরম্পরা গৌণ, শিষ্য-পরম্পরা মুখ্য।




সপ্তদ্বীপা পৃথিবীর অন্তর্গত জম্বুদ্বীপের সাধনার প্রধান বৈশিষ্ট্য হল, প্রত্যেক সাধক-সাধিকা তাঁর নিজস্ব বিশেষ পন্থায় দিব্য-সত্যের অনুসন্ধান করেছেন। প্রত্যেকের লক্ষ্য এক, কিন্তু সাধনার ধারা স্বতন্ত্র।

ক্রান্তদর্শী ঋষি-ঋষিকার ধ্যানলোকে যে সত্য উদ্ভাসিত, তারই বাঙময় পরিনতি হল – শাস্ত্র। চতুর্শাস্ত্র – বেদ, স্মৃতি, পুরাণ, তন্ত্র। “পরমতত্ত্ব” ধর্মরক্ষার জন্য শরীর ধারণ করেন। সদগুরু, যোগীন্দ্রগুরু শিব-ধারার বাহক এবং রক্ষক। ভগবতী গীতা – শিব প্রধান পুরুষ, শিবা পরমা শক্তি; তত্ত্বদর্শী যোগী-যোগিনীগণ শিবশক্তি – উভয়াত্মক একতাকে পরাৎপর ‘ব্রহ্ম’ বলে কীর্তন করেছেন।



সর্বভূতে সমদর্শী মহাদেব দেশ, কাল ও পাত্র/ অধিকারীর ভেদ অনুসারে নানা আচার ও ভাবের সাধনার কথা বলেছেন। শিব – চতুর্বর্গই প্রকৃতিসিদ্ধ। জীবের আগ্রহ না হলে শিবের অনুগ্রহ হয় না। আদিগুরু স্ত্রী-পুরুষ একত্রে সাধনা অনুমোদন করেছেন। আসিধার – নরনারী অবিকৃত – চিত্তে অবস্থানস্বরূপ সাধনা। প্রবৃত্তি ও নিবৃত্তির সমতার ভাবে ‘আর্জব’ বলে। যোগতত্ত্ব-বারিধি – যোগাচার্য শিব 84 লক্ষ আসনের কথা উল্লেখ করেছেন; এর মধ্যে 1600 শ্রেষ্ঠ, কিন্তু তার মধ্যে মর্ত্যলোকে 32টি আসনই শুভকর। ব্রহ্মাসন/ সিদ্ধাসন, বিষ্ণু আসন/ পদ্মাসন ও শঙ্করাসন/ গোমুখাসন ...।

(ব্রহ্ম যামল)



একাধিক গুরুকরণ শাস্ত্রসম্মত – সদগুরু, উপদেশ/ উপগুরু, ভাবগুরু। 18 শৈব সিদ্ধ ধারার প্রধান উপদেশ গুরু অগস্ত্য IV / Agathiyar। যোগক্ষেম – অলঙ্ক বস্তুর লাভ ও লঙ্ক বস্তুর রক্ষা।

সাধকের সাধনা যেখানে শেষ, যোগীর সাধনা সেখানে শুরু।



‘মায়ারাজ্যে আত্মবিস্মৃত শিবই জীব’। একমাত্র সদগুরুই ভক্ত ও ভগবানের মিলন প্রয়াসের সেতুস্বরূপ। ভগবত গীতা – “গুরুর মধ্যে যে সর্বক্লেশমুক্ত চৈতন্যসত্তা জাগ্রত হয়ে আছে; সেই হল সকল গুরুর গুরু।” এই গুরুকে পাওয়ার জন্যই বাহ্য গুরুকরণ। আমরা গুরুকে দেহাবদ্ধ ভেবেই গুরুর দেহকে নিয়ে সাম্প্রদায়িক হয়ে উঠি! আমাদের ধর্মভীরু না হয়ে, ধর্মসচেতন হতে হবে! ভক্ত অধীনতা ঈশ্বরের শ্রেষ্ঠ মাধুর্য। ইচ্ছাময়ী মহামায়া ‘দ্বার’ ছেড়ে দিলে সৎ-আধারযুক্ত সাধক, জ্ঞান ও ভক্তির সমন্বয়ে গুরুকৃপাবলে “ব্রহ্মপদ” লাভ করবে।

“জয় ভারতবর্ষ, জয় বঙ্গপ্রদেশ”



"বিকশিত শতদল "

-সুজয় বিশ্বাস



আধ্যাত্মিকতা বলতে প্রত্যেক মানুষ অলৌকিকতাকেই প্রাধান্য দেয়। তাই আমরা আধ্যাত্মিকতাকে একটা বিস্ময় বানিয়ে রেখেছি অথবা এটাও বলা যেতে পারে যে আমরা চারিপাশে ঘুরে ঘুরে বেড়াই শুধু কিছু অলৌকিক ঘটনা জানবার জন্য বা দেখবার উদ্দেশ্য নিয়ে। কিন্তু আমরা প্রকৃতপক্ষে কোন কিছুকেই সঠিকভাবে অন্বেষণ করি না এবং তা যথাযথ ভাবে বিবেচনা করেও দেখি না যে আমরা ঠিক কি খুঁজতে বা জানতে এই পৃথিবীতে এসেছিলাম। তখন আমরা মহামায়ার সৃষ্টি এই সংসার নামক মায়াজালের বাঁধনে পড়ে নিজেদেরকে তার মধ্যেই আটপেঁপে জড়িয়েফেলি।

আমরা ভাবি আমরা সংসার করছি - আমার সন্তান, আমার স্বামী, আমার স্ত্রী, আমার আত্মীয়-স্বজন, আমার বাড়ি, আমার অর্থ সম্পদ ইত্যাদি সমস্ত জাগতিক বস্তুর ঘেরাটোপের মধ্যে। আমরা সর্বদা নিজেদেরকে ও নিজের আপনজনদের নিয়েই চিন্তিত থাকতে পছন্দ করি। বাইরে কার কি হলো- কে বেঁচে রইল আর কে মারা গেল, কার থাকবার জায়গা আছে আর কার নেই তাতে আমাদের কিছু আসে যায় না। এদের মধ্যে কিছু ব্যতিক্রমী মানুষও আছেন। তারা অন্যের জন্য ভাবেন, পরিস্থিতি যেমনই হোক না কেন তারা তাদের সাধ্যমত আশ্রয়দাতা করেন অন্যের সমস্যা সমাধানের জন্য। আমরা একবার ভেবেও দেখি না যে এই সংসার কার, আমরা কার সংসারে খেলতে এসেছি বা কেই বা আমাদেরকে দিয়ে খেলাচ্ছে? এই পুরো জগৎ-সংসার চলছে আর কার নির্দেশে? চন্দ্র-সূর্য উঠছে আবার অস্তও যাচ্ছে সূর্য-চন্দ্রগ্রহণ হচ্ছে, জোয়ার-ভাটা হচ্ছে কিন্তু প্রশ্নটা হচ্ছে কিভাবে হচ্ছে এইসব? সাধারণ মানুষের মধ্যে কুসংস্কারের আবরণ এখনো পুরোপুরি রূপে কেটে ওঠেনি। তারা সেই পুরনো দিনের কুসংস্কারকেই ধরে রেখেছেন।

এদের মধ্যে যে সকল বিশেষ ব্যক্তির এই সমস্ত কিছুকে নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি দিয়ে খুঁজতে চায় বা জানতে আগ্রহ প্রকাশ করে তাদেরকেই আমরা বৈজ্ঞানিক বলে থাকি। এই সবকিছু ঘটনা থেকে যেমন ভাবে আমরা বাহির জগতের বিভিন্ন বহিঃপ্রকাশ দেখতে পাই, আবার একইভাবে অন্তরের অন্তঃস্থলে যেতে সক্ষম হলে বা অবস্থান করলে আমরা সঠিক ধারণায় আসতে পারি যে আমরা এই সকল কিছু আমাদের দেহের মধ্যেও দেখতে সক্ষম। বৈজ্ঞানিকরা এমন কিছু নিত্য নতুন ঘটনা কে অন্বেষণ করে তাকে অনুধাবন করে সেই ঘটনার সূক্ষ্ম অবস্থায় নিজেকে নিয়ে যান। সেই ঘটনার সাক্ষী থাকেন এবং যথাযথ প্রমাণের মাধ্যমে স্বাভাবিক মানুষের সামনে তা উন্মোচন করেন। এই ভাবেই উঠে আসে অনেক নিত্যনতুন অজানা, অচেনা বিষয়। তারপর তারা পুনরায় লেগে পড়েন আবার অন্য কোন এমনই ঘটনাকে অন্বেষণের জন্য বা বলতে পারি সেই ঘটনার সূক্ষ্মাতিসূক্ষ্ম দিকগুলোকে উন্মোচন করতে।

পুরাতন যুগ থেকে এখনো পর্যন্ত বিভিন্ন মুনি, ঋষিরাও এই ধরাধামে জন্মেছেন স্বাভাবিক মানুষের মঙ্গল কামনার্থে এবং যোগ সাধনার দ্বারা তাঁরা তাঁদের সাধনলব্ধ ধন স্বাভাবিক মানুষের উদ্দেশ্যে বিভিন্ন রকম ভাবে বিলিয়ে দিয়ে গেছেন। তাঁরা সাধনবলে বা সাধনার মাধ্যমে বিভিন্ন ধরনের দর্শনাদির সাক্ষাৎসাক্ষী বা প্রত্যক্ষদর্শী হয়ে যথাসম্ভব বলবার মধ্য দিয়ে স্বাভাবিক মানুষের কাছে পৌঁছে দিয়েছেন। উপরিউক্ত কথাপ্রসঙ্গ গুলি যথাসম্ভব উদাহরণের সাহায্যে ব্যাখ্যা করবার চেষ্টা করা হলো। অনেক ক্রিয়াবানদেরকেই গুরুদেবের কাছে এসে বলতে শোনা যায় তাদের কেন দর্শন হচ্ছে না অথবা অন্যরা যা দর্শন পাচ্ছে সে কেন দেখতে পাচ্ছে না? কিভাবে দর্শন প্রাপ্তি হবে বা কিভাবে ভালো ক্রিয়া করা সম্ভব? এমনও শোনা যায় বিশেষ কিছু দর্শন পেলে অনেকেই অতিরিক্ত আগ্রহ বা অতিরিক্ত উৎসাহের সঙ্গে এসে তা গুরুদেবকে জানান। গুরুদেবও যথাযথ উত্তর দেওয়ার মাধ্যমে তাদের বুঝিয়ে দেন কোনটা সঠিক এবং কোনটা নয়। গুরুদেবকে মাঝেমাঝেই বলতে শোনা যায় যে ক্রিয়াবানের অবস্থা তার ভাবে বলে দেবে; মুখের বাক্য নয়। অতিরিক্ত উৎসাহ বা অতিরিক্ত দুঃখ ক্রিয়াবানদের জন্য কোনোটাই সঠিক নয়। গুরুদেব বলেন সঠিক দর্শন যদি কারোর হয়ে থাকে তাহলে সেই দর্শন মনে শান্তি প্রদান করে; সন্দেহ বা দ্বন্দ্ব বাড়ায় না। সঠিক ক্রিয়াও মনে আনন্দই প্রদান করে থাকে এবং সেই আনন্দের পাত্র পূর্ণ হয়ে গেলে অন্যদেরকে দেওয়ার মতন পর্যাপ্ত পরিমাণ তার অবশিষ্টও থেকে যায়।

গুরুদেব আরো বলেন যে কোনো ঘটনার সাক্ষী হবার চেষ্টা করবে - প্রত্যক্ষদর্শী হবে কিন্তু সেই ঘটনার সাথে নিজেকে যুক্ত না করে। পুরাতন যুগ থেকে এখনো পর্যন্ত বৈজ্ঞানিকদের উন্মোচন করা বিভিন্ন তত্ত্বজ্ঞান আমরা যদি নিজের হাতে ল্যাবটারিতে গিয়ে পরীক্ষার না করে খুঁজে না বের করি তাহলে সেই ঘটনার সঠিকতা বা সত্যতা আমরা বুঝতে পারি না বা আমরা তার সাক্ষী হতে পারি না। ঠিক একই রকম ভাবে পুরাতন যুগের মুনি, ঋষিদের বলে যাওয়া বিভিন্ন দর্শনাদি আমরা যদি যোগ সাধনার দ্বারা (গুরু প্রদত্ত বা দেখানো পথ অনুসরণ করে) তা প্রাপ্তি না করতে পারি তাহলে আমরা তার সঠিকতা বুঝতে সক্ষম হব না। যেমন বলা যেতে পারে একজন তৃষ্ণার্ত ব্যক্তিকে আমরা জল দিলে তারপরে যদি তাকে জিজ্ঞেস করা হয় তার কেমন অনুভূতি হলো, সে যেমন তার সুখানুভূতি মুখের বাক্যের দ্বারা প্রকাশ করতে পারে না, স্বাভাবিক মানুষের কাছে এও ঠিক তেমনি। এই অনুভূতি প্রাপ্তির জন্য যিনি প্রস্তুত করছেন তাকে প্রথমে তৃষ্ণার্ত হতে হবে (ঈশ্বরমুখী মন) এবং নিজেকে জল খেয়ে দেখতে হবে (গুরু প্রদর্শিত পথে সাধনা করতে হবে) তারপরে তিনি যে অবস্থায় অবস্থান করবেন তখন আগের ব্যক্তিটির সঙ্গে তার অবস্থান এক হবে, তখন আর মুখে বলে বোঝাতে হবে না।

একজন ক্ষুধার্ত ব্যক্তির ক্ষুধা নিবারনের পর তার অবস্থা যেমন তিনি অন্য কাউকে মুখে বোঝাতে পারবেন না। কারণ ক্ষুধা নিবারনের সময় সাক্ষী হতে হয় তবে তা সঠিক বোধে আসে। তেমনি ঈশ্বর প্রাপ্তি বা সঠিক দর্শন কখনো কাউকে মুখে বলে বোঝানো যায় না - তার ভাবে প্রকাশ পায়। মুখে প্রকাশ মানেই খুব সূক্ষ্মভাবে তার মধ্যে সাংসারিক বাধার (অহংকার) প্রবেশ ঘটে তার অজান্তেই, এবং যার দায়ভার সাধককে নিজেকেই নিতে হয়।

প্রসঙ্গত, একদিন গুরুদেব বললেন আমার আসনের নিচে মনে হয় একটি টিকটিকি ঢুকে পড়েছে। তো সেটা দেখে নিতে হবে। সেখানে পৌঁছাবার পর দেখা গেল একটি টিকটিকি। তাকে একটু তাড়া দিতেই গুরুদেবের আসনকে কেন্দ্র করে তার চারিপাশে ঘুরতে থাকলো অন্য কোন দিকে না চলে গিয়ে। ক্রিয়া স্বাভাবিক ভাবে জাগতিক সংসারে থাকা মানুষকে যেকোনো পরিস্থিতিতেই কিভাবে তার কর্মের প্রয়োজনীয়তা মনে করিয়ে দেয় এই ঘটনাটি তার একটি উদাহরণও বলা যেতে পারে। ক্রিয়াবানরা যদি সঠিক ভক্তি, বিশ্বাস নিয়ে গুরুদেবের দেখানো পথ অনুসরণ করে মনকে একমুখী বা কেন্দ্রবিন্দুতে অবস্থান করে ভগবানকে পরিক্রমা (করজোড়ে মন্দিরের চারিপাশে পরিক্রমা) করতে পারেন, চারিদিক থেকে তাহলে তার প্রত্যক্ষ দর্শন প্রাপ্তি হবে এবং সাধক নিজেই সেই ঘটনার সাক্ষী হয়ে বুঝতে পারবেন যে কোনটি সঠিক এবং কোনটি নয়। পরিস্থিতি যত কঠিনই হোক না কেন। যেমন করে একটি লতানো গাছ একটি লাঠিকে বেঁটন করে তার চারিপাশে জড়িয়ে উঠে উপরের দিকে অগ্রসর হয় - সে জানে (পূর্ণ বিশ্বাস) যে কোনভাবেই সেই লাঠিটি তাকে ছেড়ে যাবেনা বা তার থেকে পৃথক হবে না, কারণ সে তাকে ঘিরে তার চারিপাশে আষ্টেপৃষ্ঠে (গুরুচরণ) জড়িয়ে আছে। তেমনি যে সকল ক্রিয়াবানরা ভাবেন কোন খারাপ পরিস্থিতি তাদের সম্মুখে এলে তাদের ক্রিয়া হচ্ছেনা বা সাধনা হচ্ছেনা সেটি ভাবা সঠিক নয় বলেই মনে হয়। নিজের ওপর বিশ্বাস করতে না পারলে তখন এমন মনে হয়। তিনি কখনোই তাদেরকে ছেড়ে যান না যে বা যারা তাঁকে সব সময় অন্তরে জড়িয়ে থাকেন। ঠিক এমন আরও একটি ঘটনার কথা উল্লেখ করা হলো।

একটা গেট একটু নিচু হওয়াতে গুরুদেব বললেন - “মাথা দেখে! মাথা নিচু করে হাঁটো তা না হলে মাথায় লেগে যেতে পারে”, উত্তর - “না গুরুদেব এখন আর মাথা নিচু করার কথা ভাবতে হয় না।”

যাতাওয়াতে অভ্যস্ত হয়ে যাওয়াতে এখন নিজে থেকেই মাথা নিচু হয়ে যায়।” তৎক্ষণাৎ মনের মধ্যে কেউ যেন দাগ কেটে দিল যে, পরিস্থিতি যেমনই হোক না কেন যদি একা একটি ঘর নাও জোটে, অনেকের সমাগমেতেও বা যেকোনো জায়গায় অবস্থান করেও ক্রিয়ার গভীরে ঢুকে যাওয়া যায় কোন কিছু বাধা ছাড়াই। কিন্তু তার জন্য নিত্য সঠিক অভ্যাসের দরকার হয় ঠিক গেটে ঢোকা বেরোবার মত করে। তখন আর ভাবতে হয় না যে কিভাবে ঢুকবো- বেরোবো। যেকোনো পরিস্থিতিতে যেকোনো অবস্থাতেই ক্রিয়ার পরাবস্তায় (কুটস্থে সঠিকভাবে অবস্থান প্রাপ্তি ঘটা) অবস্থান করা যায় তখন আর নিজে থেকে কিছু করতে হয় না; তিনিই সব কিছু ব্যবস্থা করে রাখেন।

কিছুদিন আগে শ্রীকৃষ্ণের এক বড় ভক্ত-সাধক, কৃপাময় গোস্বামীজীর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। তিনি প্রশ্ন করলেন – “এ জীবনের সব থেকে বড়ো জানা কি জানো?” উত্তরে তিনিই বললেন সবচেয়ে বড়ো জানা হলো “কিছু না জানা”। এটি ব্যাখ্যা করলে বলা যেতে পারে “কিছু” অর্থাৎ এখানে “জাগতিক বস্তুর” কথা বলা হয়েছে। এখানে তিনি বলতে চেয়েছেন যে কোন জাগতিক বস্তুর সঙ্গে নিজেকে যুক্ত না করা বা জাগতিক কোন কিছু নিজে থেকে জানবার চেষ্টা না করে তাঁর শরণাগত হও (ভক্ত হও) এবং নিজে কিছু করছি এটা না ভেবে তাঁর প্রতি পূর্ণ শ্রদ্ধা, ভক্তি, বিশ্বাস রেখে কর্ম ফলের আশা না করে তার কাছেই সমস্ত কিছু সঁপে দেওয়াটাই হলো কিছু না জানা ভাব বা বলা যেতে পারে তিনি যা জানাবেন সেটাই জানা। এই জানার কথাই এখানে বলা হয়েছে।

এই জানাকে জানতে পারলে তাহলে কোনো কিছুই আর অজানা থাকে না। তিনি দয়া করে সবকিছুই জানিয়ে দেন। তখন জাগতিক কোনো বস্তুও মনকে প্রভাবিত করতে পারেনা। আর মনও মায়ার দাসত্ব স্বীকার করে না।

হনুমানজি রাজসভায় সকলের সামনে নিজের বুক চিরে রাম, সীতাকে প্রত্যক্ষ দর্শন করিয়েছিলেন সব্বাইকে, অর্থাৎ 'অনাহত চক্রভেদ' করে সেখানে পরমাত্মার অবস্থান সকলকে হৃদয়ঙ্গম করিয়েছিলেন এবং এই অবস্থা তার পূর্ণ বিশ্বাসের প্রতীক। এই ভক্তির ও বিশ্বাসের শক্তির দ্বারাই হনুমানজি সব্বাইকে এই দৃশ্য দেখাতে সক্ষম হয়েছিলেন। তাই হনুমানজিকে ভক্ত শিরোমণি (যিনি সকল ভক্তের মধ্যে শ্রেষ্ঠ) বলা হয়।

ডাক্তাররা তাদের ডাক্তারি শাস্ত্রের জ্ঞান ব্যবহার করে থাকেন রোগীর মঙ্গল (সুস্থতা) কামনার্থে, বৈজ্ঞানিকরা তাদের বৈজ্ঞানিক জ্ঞান ব্যবহার করে থাকেন বিভিন্ন নিত্য নতুন জিনিস আবিষ্কার করতে যা মানুষের নিত্য প্রয়োজনে কাজে লাগতে পারে। ঠিক একইভাবে মুনি, ঋষিরা প্রত্যেক মানুষের মধ্যে তাঁদের সাধনলব্ধ জ্ঞানের বিকশিত আলো বিভিন্ন ধর্মগ্রন্থের মাধ্যমে পৌঁছে দিয়ে গেছেন। তাই জ্ঞান হলো সীমাহীন, যা মাপা যায় না। কোন জ্ঞানই এক জায়গায় সীমাবদ্ধ থাকটা সঠিক নয় বলেই মনে হয়। কারণ সেই জ্ঞান যদি অন্যের মঙ্গল কামনার্থে না ব্যবহার হয় বা তার দ্বারা অন্যকে সাহায্য না করা যায় তাহলে সেই জ্ঞান সঠিক জ্ঞান নয়। তাই পরমপূজনীয়, পরমশ্রদ্ধেয় গুরু পরম্পরার কাছে এই প্রার্থনাই করি যে তাঁদের কৃপায় (করে পাওয়া) এই আলো বা জ্যোতিরূপী অমরজ্ঞান যেন প্রত্যেক সাধক, ক্রিয়াবানের কাছে পৌঁছায় এবং তারাও যেন এই আশীর্বাদ প্রাপ্ত হয়ে তা স্বাভাবিক মানুষের কল্যাণার্থে ব্যবহার করতে পারেন এবং মানুষের পাশে দাঁড়ান। কারণ সকলেরই প্রধান ধর্ম হওয়া উচিত ক্ষমা এবং অন্যের জন্য ভালো চিন্তা করা। শুধু নিজের জন্যই সারা জীবন সাধনা করে যাওয়া নয়। গুরুদেব বলেন কখনো কারোরই ঋণ রাখতে নেই। কারণ এই ঋণই একসময় কর্মফল হয়ে যায়। তেমনি ভগবানের দয়া করে দেওয়া জ্ঞান কখনোই নিজের মধ্যে সীমাবদ্ধ রাখার চেষ্টা করা উচিত নয়; যতটা সম্ভব এই জ্ঞান দ্বারা মানুষের সেবা করাটাই প্রধান লক্ষ্য হওয়া উচিত বলে মনে হয়। কারণ ভগবান সব সময়ই শ্রেষ্ঠ মাথা ঠিকই বেছে নেন। গুরুদেবের আশীর্বাদে সব্বার ভালো হোক।

জয় গুরুদেব।



"तुम हो कौन? " -मौसुमी मजूमदार

तुम हो कौन?

बस उन्हीं का यंत्र रहना है।

तुम यंत्र, वो यंत्री ।

न अपने कर्मों से एक के बाद एक कर्म बढ़ाते जाना है।

बस सौंप देना है।

कर्ता से अकर्ता बनना है।

बस उनके इशारो पे नाचना हैं, गाना हैं, और आनंद में डूबे रहना हैं।

न ये मेरा, न वो मेरी ।

बस उसके लिए जीना है।

समय आते ही उनके इशारो पे छोड़ना हैं, यह वस्त्र ।

न तुम जाओगे, न वो जाएगी, न धन जाएगा, न घर जाएगा, न यश जाएगा, न कीर्ति जाएगी।

तुम हो कौन?

कर्म करते जाओ, और उनके लिए कर्म करते जाओ।

नाचते जाओ, गाते जाओ।

न तुम मेरे हो, ना वो मेरी है।

बस उन्हीं के लिए जीना है। कहा भागते हो तुम?

कहा तुमको जाना है?

भागते भागते देखो तो सही, जिसको लक्ष्य बनाया क्या प्राप्त करके आनंद आया?

अगर प्राप्त किया तो फिर कहा भागे जा रहे हो?

और कितने दिन भागोगे?

कभी रुक जाओ, कभी देख लो चारो ओर, कभी खुद के लिए जी लो ज़रा ।

कभी देखो ज़रा, क्या है लक्ष्य जो प्राप्त करते ही और एक लक्ष्य खड़ा हो जाता है ?

किस लक्ष्य के पीछे भागते हो?


किस लक्ष्य के लिए झूठ बोलते हो?

किस लक्ष्य से तुलना करते हो खुद की ?

कहा भागते हो? कहा तक भागोगे?

सोचो ज़रा ।

तुम हो कौन?




"Shivlinga Consecration Day Celebration @ RYKYM










Event Celebrated on 28th May 2023





Dear Gurudev

ASHRAM
PUBLICATION
RYKYM





"আমার পূজা সৃষ্টি ছাড়া
গঙ্গাজলের নাইকো ছড়া,
ফুল লাগে না রাশি রাশি
হারিয়ে গেছে কোশা-কুশি।
সরে গেছেন কালী-তারা
আমি আত্ম দেখে আত্মহারা,
আমার পূজা সৃষ্টি ছাড়া
গঙ্গা জলের নাইকো ছড়া।
ঠাকুর দেবতা গেছি ভুলি
এবার শূণ্য সাথে কোলাকুলি,
যুক্ত মুক্ত ত্রিবেণীতে
এবার আমি ডুব মরি।
হারিয়ে যাওয়ার কথা ভেবে
নিজের পূজা নিজেই করি,
আমার পূজা সৃষ্টি ছাড়া
গঙ্গাজলের নাইকো ছড়া।"

- শ্যামাচরণ ক্রিয়াযোগ ও অদ্বৈতবাদ থেকে সংগৃহীত